

# ইউনুস সেন্টার

## প্রেস রিলিজ

### ১৫৪তম সামাজিক ব্যবসা ডিজাইন ল্যাভে ৬টি নতুন ব্যবসা উদ্বোধন

ইউনুস সেন্টারের আয়োজনে অদ্য ২১ ডিসেম্বর ২০১৫ তারিখ গ্রামীণ ব্যাংক অডিটোরিয়াম কক্ষে ১৫৪তম সামাজিক ব্যবসা ডিজাইন ল্যাভ অনুষ্ঠিত হয়। বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান থেকে বিভিন্ন পর্যায়ের ১৬৫ জন অংশগ্রহণকারী এই অনুষ্ঠানে অংশ নেন, যাঁদের একটি উল্লেখযোগ্য অংশ বিদেশী অভ্যাগত।

নোবেল লরিয়েট প্রফেসর মুহাম্মদ ইউনুস ডিজাইন ল্যাভে সভাপতিত্ব করেন। তিনি উপস্থিত দর্শকদের স্বাগত জানান এবং বলেন যে, জানুয়ারী ২০১৩-তে ল্যাভ শুরু হবার পর থেকে ১৫৩তম ল্যাভ পর্যন্ত ২৭২৬টি প্রকল্প ডিজাইন ল্যাভে উপস্থাপিত হয়েছে। এদের মধ্যে ২৭০১টি প্রকল্প বিনিয়োগের জন্য অনুমোদিত হয়েছে, যার অধিকাংশই চালু হয়েছে।

আজকের ল্যাভে ৬টি নতুন সামাজিক ব্যবসা পরিকল্পনা উপস্থাপন করা হয়। এগুলোর মধ্যে ৪টি ছিল গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতা পরিবারের সন্তানদের নবীন উদ্যোক্তা ব্যবসা। এই ব্যবসাগুলো হচ্ছেঃ সোমা রানী দাসের ‘সোমা ফ্যাশন ক্লথ এন্ড কসমেটিক স্টোর’, মোঃ আওলাদ হোসেনের ‘আওলাদ লুঙ্গি’, আসমা বেগমের রিসাইক্লিং ব্যবসা ‘জীবন ট্রেডার্স’, এবং বাধন সাহার কার্ডবোর্ড তৈরীর কারখানা ‘বাধন বক্স হাউস’।

অন্য দু’টি প্রকল্প হচ্ছে মোঃ গোলাম মোস্তফার ‘কিশলয় স্কুল’ এবং ‘বাসা’র (BASA) ‘বাসা মধু প্রক্রিয়াজাতকারী সামাজিক ব্যবসা’। এই মধু চাষ ব্যবসার উদ্দেশ্য স্থানীয়ভাবে উচ্চমান-সম্পন্ন স্বাস্থ্যসম্মত মধু উৎপাদন যা বিভিন্ন ভিটামিন ও আয়রন সমৃদ্ধ বাড়তি পুষ্টির পাশাপাশি স্থানীয় পর্যায়ে নতুন কর্মসংস্থান সৃষ্টিরও উৎস। জাপান, স্লোভেনিয়া ও ইউরোপের অন্যান্য দেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে মধুর ক্রমবর্ধমান রপ্তানী বাজারে প্রবেশ করা ‘বাসা’র আরেকটি লক্ষ্য।

নবীন উদ্যোক্তারা প্রত্যেকেই তাদের বিস্তারিত প্রকল্প পরিকল্পনা, বাজারজাত পরিকল্পনা ও আত্ম-নির্ভরতা পরিকল্পনা সহ যাঁর-যাঁর ব্যবসায়িক পরিকল্পনা উপস্থাপন করেন। এরপর প্রকল্পগুলো নিয়ে দলীয়ভাবে বিশদ আলোচনা হয়। এই ৬টি সামাজিক ব্যবসা প্রকল্পই অর্থায়নের জন্য অনুমোদিত হয়। সামাজিক ব্যবসা প্রকল্পগুলো সোশ্যাল বিজনেস পিডিয়ায় প্রতিবেদনের মাধ্যমে মনিটর করা হবে।

ল্যাভের শেষাংশে প্রফেসর মুহাম্মদ ইউনুস ‘ফটোপ্রিনিয়ার সোশ্যাল বিজনেস’-এর লোগো উন্মোচন করেন। এই সামাজিক ব্যবসাটি, যা পূর্ববর্তী একটি ডিজাইন ল্যাভে উপস্থাপিত হয়েছিল, গ্রামের তরুণ-তরুণীদের ফটোগ্রাফি-উদ্যোক্তা হতে সহায়তা করতে অল্প খরচে ফটোগ্রাফির উপর প্রশিক্ষণ দিয়ে থাকে।

অধ্যাপক ইউনুস তাঁদের উদ্ভাবনামূলক সামাজিক ব্যবসাগুলোর জন্য অংশগ্রহণকারীদের ধন্যবাদ জানান এবং বলেন যে, এটা চমকপ্রদ যে এত বিভিন্ন ধরনের আইডিয়া এখন বাস্তবে রূপ লাভ করছে। তিনি ১৫ ফেব্রুয়ারী ২০১৬ তারিখে অনুষ্ঠিত পরবর্তী সামাজিক ব্যবসা ডিজাইন ল্যাভে অংশগ্রহণের জন্যও অংশগ্রহণকারীদের আমন্ত্রণ জানান।



### ক্যাপশন ছবি-১

সোমবার অনুষ্ঠিত ১৫৪তম সামাজিক ব্যবসা ডিজাইন ল্যাবে ৬টি সামাজিক ব্যবসায় বিনিয়োগের ঘোষণা দেয়া হয়। গ্রামীণ ব্যাংক সদস্য-সন্তান চার জন নবীন উদ্যোক্তা এবং এসডিআরএস ও বাসা'র দু'জন উদ্যোক্তাকে ছবিতে নোবেল লরিয়েট প্রফেসর ইউনুসের সাথে দেখা যাচ্ছে।



### ক্যাপশন ছবি-২

সোমবার অনুষ্ঠিত ১৫৪তম সামাজিক ব্যবসা ডিজাইন ল্যাবে প্রফেসর মুহাম্মদ ইউনুস 'ফটোপ্রিনিয়ার সোশ্যাল বিজনেস'-এর লোগো উন্মোচন করেন। এই সামাজিক ব্যবসাটি গ্রামের তরুণ-তরুণীদের ফটোগ্রাফি-উদ্যোক্তা হতে সহায়তা করতে অল্প খরচে ফটোগ্রাফির উপর প্রশিক্ষণ দিয়ে থাকে।